গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ঠাকুরগাঁও।
www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.৯৪০০.০০০.৯৯.২৪৩.২৬-২০৮৬

তারিখ- ০৫/০৭/২০২৬খ্রি.

## "লাইসেন্স নবায়ন ও নতুন তালিকাভুক্তির বিজ্ঞপ্তি"

এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঠাকুরগাঁও জেলার অধীন সীমিত দরপত্র পদ্ধতির আওতায় তালিকাভূক্তি সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরের লাইসেন্স এর মেয়াদ ৩০ শে জুন/২০২৬খ্রি. তারিখে উত্তীর্ণ হয়েছে। বিধায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর মহোদয়ের ০৫/০৭/২০২৬খ্রি. তারিখের স্মারক নং-৪৬.০২.০০০০.১৫০.৯৯.১৩৮.২৬-৪২২,পত্রের নির্দেশনা মোতাবেক ২০২৬-২৭ অর্থবছরের জন্য সীমিত দরপত্র পদ্ধতির আওতায় তালিকাভূক্তি লাইসেন্স নবায়নের তারিখ আগামী ৩১/১২/২০২৬খ্রি. পর্যন্ত, পিপিআর ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঘ) এর আলোকে নবায়ন ফি বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকায় নবায়নের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়াও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৬৮(৩)(ঘ) অনুযায়ী তালিকাভুক্তি আগ্রহী ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানকে আগামী ৩১/১২/২০২৬খ্রি. তারিখের মধ্যে শ্রেণিভিত্তিক তালিকাভুক্তি ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হইলে তালিকাভুক্তি ফি ৩০০০ (তিন হাজার) টাকা সোনালী ব্যাংক লিঃ, ঠাকুরগাঁও শাখাতে কোড নং-১-৩৭০৩০-১১১৯৯৮১-১৪২২১৯৯ এবং ১৫% ভ্যাট বাবদ টাকা কোড নং ১১১০২০৪১০২০২৩-১১১০২০৬১০২৩৪৩-১১৪১১০১ তে, এ-চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান পূর্বক নতুন শ্রেণী তালিকাভূক্তি ও নবায়ন যোগ্য ঠিকাদারকে অনুরোধ জানানো হলো।

আগ্রহী নতুন ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানকে তালিকাভূক্তি হওয়ার জন্য অত্র দপ্তর থেকে আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং আদেন ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজ পত্র সহ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও এর অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার (অফেরত যোগ্য) আগামী ৩০/১২/২০২৬খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদন পত্রের সাথে দাখিল করার জন্য অনুরোধ করা হল। উক্ত তারিখের পর আর কোন নতুন তালিকা ভূক্তির আবেদন পত্র গ্রহণ করা হবে না। প্রকাশ থাকে যে, নবায়নকৃত তালিকাভূক্তি বহি ব্যতীত কোন দরপত্র দাতা সীমিত দরপত্র পদ্ধতির আওতায় দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন না। উল্লেখ্য যে তালিকাভূক্তি ঠিকাদারগণ কেবল মাত্র নিজ জেলার সীমিত দরপত্র পদ্ধতির আওতায় প্রকাশিত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন। এক জেলার তালিকাভূক্ত ঠিকাদারগন অন্য কোন জেলায় দরপত্রে অংশগ্রহণের সুযোগ নাই।

(মোহাম্মদ মামুন বিশ্বাস)
নির্বাহী প্রকৌশলী
ফোন নম্বর- ০১৭০৮-১২৩২৪৩
E-mail No-xen.thakurgaon@lged.gov.bd

৫/৭/২৬

ডিএলটি-৬৯৭/২৬